গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
বড়াইগ্রাম, নাটোর
www.baraigram.natore.gov.bd

স্মারক নম্বর : .৪১.০১.৬৯১৫.০০০.১৬.০০১.২৬.২৪৮

তারিখঃ ০৬ শ্রাবণ ১৪৩৩ বঙ্গাব্দ
২১ জুলাই ২০২৬ খ্রিস্টাব্দ

**বিষয়: ফ্যামিলি কার্ড শুমারি-২০২৬ এর শুমারিকালীন তথ্য সংগ্রহকারী ও সুপারভাইজার ( Enumerator) নিয়োজিতকরণ বিজ্ঞপ্তি।**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার এর সমাজকল্যাণ মন্ত্রণালয় কর্তৃক বাস্তবায়িত ফ্যামিলি কার্ড কর্মসূচির "ফ্যামিলি কার্ড শুমারি নির্দেশিকা-২০২৬" এর আলোকে দেশব্যাপী আগামী ১লা আগস্ট ২০২৬ হতে ১৪ সেপ্টেম্বর ২০২৬ খ্রিস্টাব্দ পর্যন্ত ফ্যামিলি কার্ড শুমারি কার্যক্রম শুরু হতে যাচ্ছে। সে লক্ষ্যে বড়াইগ্রাম উপজেলায় তথ্য সংগ্রহের জন্য Enumerator বা জরিপকারী (তথ্য সংগ্রহকারী এবং সুপারভাইজার) নিয়োজিত করা হবে। উক্ত শুমারি কার্যক্রমে অস্থায়ীভাবে তথ্য সংগ্রহকারী এবং সুপারভাইজার হিসেবে যুক্ত হতে আগ্রহীদের নিকট হতে আবেদন আহবান করা হচ্ছে।

| ক্রঃনং | পদের ধরণ | আবেদনের বাধ্যতামূলক যোগ্যতা | অগ্রাধিকারযোগ্য বৈশিষ্ট্য | অযোগ্যতা | প্রয়োজনীয় কাগজপত্র |
|---|---|---|---|---|---|
| ০১ | তথ্য সংগ্রহকারী | ক) ন্যূনতম এইচএসসি বা সমমান পাস<br>খ) বয়স: ১৮-৪০<br>গ) ট্যাব/স্মার্টফোন ব্যবহারিক পরীক্ষায় ৭০%+নম্বর প্রাপ্তি<br>ঘ) সংশ্লিষ্ট শুমারি এলাকার স্থায়ী বাসিন্দা বা ঐ এলাকা সম্পর্কে ভালো জ্ঞান<br>ঙ) বাংলায় সাবলীলভাবে পড়তে, লিখতে ও কথা বলতে সক্ষম<br>চ) শারিরীকভাবে সক্ষম ও মাঠে কাজ করতে সম্মত | ক) নারী প্রার্থী ৫০%<br>খ) স্নাতক বা তদূর্ধ্ব ডিগ্রীধারী<br>গ) পূর্বে বিবিএস জরিপে কাজের অভিজ্ঞতা | ক) ফৌজদারি মামলায় দোষী সাব্যস্ত<br>খ) সরকারী/আধা-সরকারি সংস্থায় নিয়মিত বেতনে কর্মরত<br>গ) ব্যবহারিক পরীক্ষায় ৭০%- এর নিচে নম্বর প্রাপ্তি<br>ঘ) পূর্বে তথ্য জালিয়াতির কারণে বরখাস্ত বা দন্ডিত | • নির্ধারিত ফরমে আবেদনপত্র;<br>• শিক্ষাগত যোগ্যতার সনদপত্র;<br>• দক্ষতা-অভিজ্ঞতার সনদপত্র;<br>• এক কপি ছবি;<br>• এনআইডির অনুলিপি;<br>• নাগরিকত্বের সনদ |
| ০২ | সুপারভাইজার<br>(প্রতি ০৯জন তথ্য সংগ্রহকারীর বিপরীতে ০১জন) | ক) ন্যূনতম ব্যাচেলর ডিগ্রী বা সমমান পাস<br>খ) বয়স: ২৫-৪৫ বছর<br>গ) ট্যাব ও ওয়েব অ্যাপ্লিকেশনে দক্ষতা পরীক্ষায়-৮০%+ নাম্বার প্রাপ্তি<br>ঘ) তথ্য সংগ্রহ এলাকার ভৌগোলিক অবস্থান ও প্রকৃতি এবং ওয়ার্ড সীমানা সম্পর্কে বিস্তারিত জ্ঞান<br>ঙ) দলে নেতৃত্ব,মৌখিক ও ডিজিটাল যোগাযোগে দক্ষতা<br>ঘ) ট্যাবলেট চার্জ,ডেটা দক্ষতা | **দৈনন্দিন বাধ্যতামূলক কাজ:**<br>**(ক) প্রতিটি গণনা এরিয়া শারিরীকভাবে পরিদর্শন করতে হবে**<br>**খ) প্রতি গণনা এলাকার ৫-১০% পরিবার পুনরায় যাচাই করতে হবে।**<br>**গ) সন্ধ্যার পর ওয়েব অ্যাপে দৈনিক রিপোর্ট জমা**<br>**ঘ) ট্যাব চার্জ, ডেটা লিংক ও অ্যাপ আপডেট নিশ্চিত করতে হবে।** | ক) ফৌজদারি মামলায় দোষী সাব্যস্ত<br>খ) সরকারি/আধা-সরকারি সংস্থায় নিয়মিত বেতনে কর্মরত<br>গ) ব্যবহারিক পরীক্ষায় ৭০%- এর নিচে নম্বর প্রাপ্তি<br>ঘ) পূর্বে তথ্য জালিয়াতির কারণে বরখাস্ত বা দন্ডিত | • নির্ধারিত ফরমে আবেদনপত্র;<br>• শিক্ষাগত যোগ্যতার সনদপত্র;<br>• দক্ষতা-অভিজ্ঞতার সনদপত্র;<br>• এককপি ছবি;<br>• এনআইডির অনুলিপি;<br>• নাগরিকত্বের সনদ |

| | | |
|---|---|---|
| আবেদন ফরম প্রাপ্তির উৎস | : | উপজেলা নির্বাহী অফিসার,বড়াইগ্রাম, নাটোর এর ওয়েবসাইটে যার লিংক https://baraigram.natore.gov.bd/ উপজেলা সমাজসেবা কার্যালয়, বড়াইগ্রাম, নাটোর এর ওয়েবসাইটে যার লিংক https://dss.baraigram.natore.gov.bd/ এ পাওয়া যাবে। অফিস চলাকালীন সময়ে নির্ধারিত তারিখ ও সময়র মধ্যে আবেদন জমা দিতে হবে। |
| **আবেদন ফরম দাখিলের স্থান ও তারিখ** | : | উপজেলা সমাজসেবা কার্যালয়, বড়াইগ্রাম, নাটোর; ২২ জুলাই ২০২৬ থেকে ২৫ জুলাই ২০২৬ বিকাল ৪:০০ ঘটিকা |
| পরীক্ষা গ্রহণের তারিখ ও সময় | : | উপজেলা নির্বাহী অফিসার,বড়াইগ্রাম, নাটোর এর ওয়েবসাইটে যার লিংক https://baraigram.natore.gov.bd/ উপজেলা সমাজসেবা কার্যালয়, বড়াইগ্রাম, নাটোর এর ওয়েবসাইটে যার লিংক https://dss.baraigram.natore.gov.bd/ এ দেওয়া হবে। |

**শর্তাবলী:**

(১) তথ্য সংগ্রহকারী কর্তৃক শুমারী চলাকালীন নির্দেশনা মোতাবেক বাড়ি বাড়ি গিয়ে নিয়মিত তথ্য সংগ্রহ করতে হবে;

(২) ফ্যামিলি কার্ড শুমারী চলাকালীন প্রতিদিন ন্যূনতম ০৮ ঘন্টা তথ্য সংগ্রহ করতে হবে;

(৩) তথ্য-প্রযুক্তি (ট্যাবলেট/স্মার্টফোন-ওয়েব অ্যাপ্লিকেশন) ব্যবহারে দক্ষ হতে হবে;

(৪) তথ্য সংগ্রহের কাজে কোনো গাফিলতি করা যাবে না;

(৫) কোনোক্রমেই ভুল তথ্য বা পক্ষপাতমূলক তথ্য এন্ট্রি দেয়া যাবে না;

(৬) সংগৃহীত তথ্যের গোপনীয়তা সম্পূর্ণরূপে রক্ষা বাধ্যতামূলক;

(৭) ট্যাবলেট সযত্নে সংরক্ষণ করতে হবে, অবহেলাজনিত কারণে ক্ষতি হয়েছে মর্মে প্রমাণিত হলে ক্ষতিপুরণ প্রযোজ্য;

(৮) কোনো পরিবারকে ফ্যামিলি কার্ড পাওয়ার প্রতিশ্রুতি দেয়া বা ভয় দেখানো বা কোনো ধরনের বিনিময় (অর্থ, খাদ্য, উপহার গ্রহণ) সম্পূর্ণ নিষিদ্ধ;

(৯) ইচ্ছাকৃত জালিয়াতির ক্ষেত্রে সম্মানী বাতিল ও আইনি ব্যবস্থা নেয়া হবে;

(১০) তথ্য সংগ্রহকারী ও সুপারভাইজারগণকে সরকার নির্ধারিত হারে প্রশিক্ষণ ভাতা ও সম্মানী প্রদান করা হবে;

(১১) রিজার্ভ তথ্য সংগ্রহকারী তথ্য সংগ্রহকারী হিসেবে মোতায়েন না হলে শুধু প্রশিক্ষণ ভাতা প্রযোজ্য;

(১২) রিজার্ভারদের নিজস্ব ট্যাবলেট প্রস্তুত থাকবে এবং প্রতি তিনদিন অন্তর উপজেলা/পৌরসভা কমিটিকে রিপোর্ট করতে হবে; এবং

(১৩) সরকার কর্তৃক জারিকৃত ফ্যামিলি কার্ড শুমারি নির্দেশিকা, ২০২৬, ফ্যামিলি কার্ড বাস্তবায়ন নীতিমালা, ২০২৬ ও সময় সময় জারিকৃত অন্যান্য নির্দেশনাবলী প্রযোজ্য ও অনুসরণীয় হবে।

২২/০৭/২৬

(লায়লা জান্নাতুল ফেরদৌস)
উপজেলা নির্বাহী অফিসার
ও সভাপতি
ফ্যামিলি কার্ড শুমারির তথ্য সংগ্রহকারী স্বেচ্ছাসেবী নির্বাচন কমিটি, বড়াইগ্রাম, নাটোর।

স্মারক নম্বর : ৪১.০১.৬৯১৫.০০০.১৬.০০১.২৬.২৪৮

তারিখঃ ০৬ শ্রাবণ ১৪৩৩ বঙ্গাব্দ
২১ জুলাই ২০২৬ খ্রিস্টাব্দ

**অনুলিপিঃ সদয় অবগতি ও প্রযোজনীয় (প্রজোয্য ক্ষেত্রে) ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো।**

১। মাননীয় জাতীয় সংসদ সদস্য, ৬১ নাটোর ৪ আসন, বাংলাদেশ জাতীয় সংসদ সচিবালয়, ঢাকা।

২। কর্মসূচি পরিচালক, ফ্যামিলি কার্ড, সমাজকল্যাণ মন্ত্রণালয়।

৩। পরিচালিক (সামাজিক নিরাপত্তা অধিশাখা), সমাজসেবা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।

৪। পরিচালক, বিভাগীয় সমাজসেবা কার্যালয়, রাজশাহী।

৫। জেলা প্রশাসক, নাটোর।

৬। উপপরিচালক, জেলা সমাজসেবা কার্যালয়, নাটোর।

৭। প্রশাসক, উপজেলা পরিষদ, বড়াইগ্রাম,নাটোর।

৮। সহকারী কমিশনার (ভূমি), বড়াইগ্রাম,নাটোর।

৯। অফিসার ইনচার্জ, বড়াইগ্রাম,নাটোর।

১০। সদস্য.... . . . . . . . . . .. . . . . . . . . . . . . . . ফ্যামিলি কার্ড শুমারির তথ্য সংগ্রহকারী স্বেচ্ছাসেবী নির্বাচন কমিটি, বড়াইগ্রাম,নাটোর।

১১। সদস্য..... . ..... . . . . . . . . . . . ফ্যামিলি কার্ড শুমারি বাস্তবায়ন সংক্রান্ত উপজেলা কমিটি, বড়াইগ্রাম,নাটোর।।

১২। উপজেলা.. . . .. ... . . . . . . . . .কর্মকর্তা, বড়াইগ্রাম,নাটোর।

১৩। চেয়ারম্যান/প্যানেল চেয়ারম্যান/প্রশাসক ... ... .....ইউপি (সকল) বড়াইগ্রাম,নাটোর।

১৪। জনাব . . . .. . . . . . . . . . . . . ..

১৫। অফিস নথি।

২২/০৭/২৬

(মোঃ রেজাউল করিম)
উপজেলা সমাজসেবা অফিসার
ও
সদস্য সচিব
ফ্যামিলি কার্ড শুমারির তথ্য সংগ্রহকারী স্বেচ্ছাসেবী নির্বাচন কমিটি
বড়াইগ্রাম,নাটোর।।